মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

স্মারক নং-বশিবো/বি:নিব:/২০২৫/৩২২৯ তারিখ : ২৪.০৯.২০২৫খ্রি.

**বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যয়নরত (এসএসসি-২০২৭) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

সূত্র : ০১। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪.৫১৮, তারিখ: ০১.০৯.২০২৪।
০২। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পত্র নং ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩২৯২, তারিখ: ২৩.১০.২০২৩।
০৩। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা'র পত্র নং ৩৭.০৬.০০০০.৪০২.০৬৮.০২.৩৬, তারিখ: ০২.১০.২০২৪।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যয়নরত (এসএসসি পরীক্ষা-২০২৭) শিক্ষার্থীদের নিবন্ধন প্রক্রিয়া Online এর মাধ্যমে সম্পন্ন করার নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলি নিম্নরূপ:

**০১। ৯ম শ্রেণির eSIF (SSC-2027) ২০২৫-২০২৬ রেজিস্ট্রেশন লিংক এর মধ্যে ৮ম শ্রেণি ২০২৪ এর রেজিস্ট্রেশন তালিকা দেয়া হবে। উক্ত তালিকা download পূর্বক print করে সংগ্রহ করতে হবে।**

**০২। ৯ম শ্রেণির শিক্ষার্থীদের data entry করতে হলে Insert data entry option এর ঘরে ৮ম শ্রেণি ২০২৪ এর রোল ও রেজিস্ট্রেশন নম্বর Input দিতে হবে। এরপর শিক্ষার্থীদের বিভাগ, বিষয় কোডসহ অন্যান্য তথ্যাবলী entry করতে হবে। উল্লেখ্য, রেজিস্ট্রেশনের জন্য জন্ম সনদ নম্বর এবং প্রতিবন্ধি হলে সমাজসেবা দপ্তর হতে দেয়া সনদের নম্বর entry দিতে হবে।**

**০৩। কোনো ছাত্র/ছাত্রীর বয়স ১লা জানুয়ারি (পরীক্ষার বছর-২০২৭) ১৪ বছরের কম বা ২০ বছরের বেশী হলে উক্ত ছাত্র/ছাত্রীর রেজিস্টেশন বাতিল হবে।**

০৪। স্বীকৃতি নবায়ন/পাঠদানের অনুমতির মেয়াদ ৩১.১২.২০২৪ তারিখ পর্যন্ত অবশ্যই নবায়ন থাকতে হবে। যে সকল বিদ্যালয়ের স্বীকৃতি/পাঠদানের অনুমতি প্রক্রিয়াধীন তার প্রমাণপত্র বিদ্যালয় পরিদর্শককে অবহিত করতে হবে।

০৫। বিজ্ঞান বিভাগ/ব্যবসায় শিক্ষা বিভাগ/কৃষি শিক্ষা বিষয়/গার্হস্থ্য বিজ্ঞান বিষয়/অন্য কোন ঐচ্ছিক বিষয়ের স্থায়ী অনুমতি না থাকলে উল্লিখিত বিভাগ/বিষয়সমূহের বিশেষ অনুমতির জন্য নির্ধারিত ফি দিয়ে অনলাইনে আবেদন করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত বিষয়ে জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক দায়ী থাকবেন।

০৬। কোনো বিভাগ/বিষয়ের স্থায়ী অনুমতি না থাকলে রেজিস্ট্রেশনকালে সে সকল বিভাগ/বিষয় গ্রহণ করতে চাইলে তার বিশেষ অনুমতির আবেদন ও টি.টি স্লিপের সত্যায়িত কপি বিদ্যালয় পরিদর্শক বরাবর প্রেরণ করতে হবে।

০৭। জেলা/উপজেলার সকল বালিকা ও সহশিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের নিকট হতে আদায়কৃত গার্লস গাইড ফিসের অর্থ সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের আওতাধীন গার্লস গাইড তহবিলে জমা দিয়ে রশিদের কপি এবং গার্লস গাইড রেজিস্ট্রেশন ফিসের টাকা ডিডির মাধ্যমে বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, বরিশাল অঞ্চল বরাবর জমা দিয়ে পরিশোধের কপি বোর্ডে প্রেরণ করতে হবে।

০৮। জেলা ও উপজেলা স্কাউট ফি সংশ্লিষ্ট জেলায় ও উপজেলায় জমা দিয়ে রশিদের কপি ও এবং বিশ্ব স্কাউট ফি (বিদ্যালয় প্রতি) ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চলের বরাবর পরিশোধ করে পরিশোধের রশিদ ই-মেইলে প্রেরণ করতে হবে।

**০৯। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭.১২.২০২০ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৯ম ও ১০ম শ্রেণিতে (২০+২০)= ৪০/- টাকা হারে রেড ক্রিসেন্ট ফি আদায় করে, আদায়কৃত অর্থের ৪০% অর্থাৎ ১৬/- টাকা হারে শিক্ষাবোর্ডে প্রেরণ করতে হবে ও অবশিষ্ট ৬০% অর্থাৎ ২৪/- টাকা হারে শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে (স্বতন্ত্র একাউন্ট খুলে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রাখতে হবে।**

১০। বিভাগওয়ারী রোলের ধারাবাহিকতা রক্ষা করতে হবে এবং কোনো বিদ্যালয়ে যদি একাধিক শাখা থাকে তবে "ক" শাখায় ১-৫০ পর্যন্ত রোল নম্বর থাকলে "খ" শাখায় ৫১ থেকে শুরু করতে হবে (একই রোল ২ বার ব্যবহার করা যাবে না)।

১১। কোনো শিক্ষার্থীকে একাধিক বিদ্যালয়ে রেজিস্ট্রেশন করার সুযোগ নেই বিধায় রেজিস্ট্রেশন নম্বরের প্রতিটি ডিজিট সতর্কতার সাথে এন্ট্রি করার জন্য বলা হলো। অসাবধানতাবশত: ভুল ডিজিট এন্ট্রি দেয়ার কারণে অন্য প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী নিবন্ধিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককেই বহন করতে হবে।

১২। রেজিস্ট্রেশন ফি : শিক্ষার্থী প্রতি ফি এর বিবরণ:

নির্ধারিত ফি ও সময়সূচি:

| ক্র:নং | শিক্ষার্থী প্রতি ফিসের বিবরণ | ফিসের পরিমাণ | বিলম্ব ফি | মোট ফি এর পরিমাণ | |
|---|---|---|---|---|---|
| ক. | নিবন্ধন ফি | ১০০/- টাকা | | বিলম্ব ফি ব্যতিত | বিলম্ব ফি সহ |
| খ. | ক্রীড়া ফি | ৮০/- টাকা | | | |
| গ. | স্কাউট ফি | ২৫/- টাকা | | | |
| ঘ. | গার্লস্ গাইড ফি | ১৫/- টাকা | | | |
| ঙ. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি (ছেলে/মেয়ে) | ০৫/- টাকা | | | |
| চ. | রেডক্রিসেন্ট ফি | ১৬/- টাকা | ১৪০/- টাকা | ৪২৬/- টাকা | ৫৬৬/- টাকা |
| ছ. | বিএনসিসি ফি | ৫/- টাকা | | | |
| জ. | ই-সার্ভিস ফি | ২৫/- টাকা | | | |
| ঝ. | প্রতিবন্ধী ফি | ৫/- টাকা | | | |
| ঞ. | উন্নয়ন ফি | ৫০/- টাকা | | | |
| ট. | বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | ১০০/- টাকা | | | |
| | বিলম্ব ফি ব্যতিত | ৪২৬/- টাকা | | | |
| | বিলম্ব ফিসহ | ৫৬৬/- টাকা | | | |

(ঞ) বার্ষিক এককালীন ক্রীড়া মঞ্জুরি ফি (বিদ্যালয় প্রতি) ৩০০/- টাকা।

১৩। **eSIF** প্যানেল **Login** করে সোনালী ই-সেবার মাধ্যমে ফি পরিশোধের তারিখ ০৮.১০.২০২৫ থেকে ২৫.১০.২০২৫ তারিখ পর্যন্ত। সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার পর থেকেই **eSIF data entry** করা যাবে এবং ২০.১১.২০২৫ তারিখ পর্যন্ত বহাল থাকবে। উল্লেখ্য, অন্যান্য বোর্ডে থেকে আগত শিক্ষার্থীদের তথ্য ০১.০২.২০২৬ তারিখ থেকে নিবন্ধন সম্পন্ন করা যাবে।

১৪। ৯ম শ্রেণির রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ৯ম শ্রেণির **Password** ব্যবহার করতে হবে। কোনো অবস্থায়ই জেএসসি **Password** ব্যবহার করা যাবে না।

১৫। নির্ধারিত তারিখের পর রেজিস্ট্রেশন করা যাবে না।

বি: দ্র: রেজিস্ট্রেশনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করলে তার জন্য প্রতিষ্ঠান প্রধান নিজে দায়ী থাকবেন। অতিরিক্ত অর্থ আদায়ের প্রমাণ পাওয়া গেলে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

24.09.2025

(অধ্যাপক মোঃ রফিকুল ইসলাম খান-০০০১০৬০৪)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়।

বিতরণ:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৪। জেলা শিক্ষা অফিসার, বরিশাল/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ভোলা/ঝালকাঠি।
০৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল)....(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)
০৭। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৮। সংরক্ষণ কপি।